**AKASHVANI (AIR)**
**RNU : KOLKATA**
**Bengali Text Bulletin**

**Date: 15.10.2024 Time: 7.50 P.M**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) আর জি করে তরুণী পিজিটি চিকিৎসকের ধর্ষণ ও খুন সংক্রান্ত মামলার শুনানিতে আজ সুপ্রিম কোর্টে নতুন করে স্টেস্টাস রিপোর্ট জমা দিয়েছে সিবিআই।

নিরাপত্তার দায়িত্বে সিভিক ভলান্টিয়ার নিয়োগের প্রক্রিয়া নিয়েও প্রশ্ন তুলেছে শীর্ষ আদালত।

২) নির্যাতিতার ন্যায় বিচার এবং স্বাস্থ্য ক্ষেত্রে ১০ দফা দাবি নিয়ে জুনিয়ার ডাক্তারদের অনশন আন্দোলনের আবহেই রেডরোডে চলছে দুর্গাপুজোর কার্নিভাল।

দ্রোহ কার্নিভালের ব্যাপারে হাইকোর্টের নির্দেশ মেলার পর কর্মসূচীতে যোগ দিয়েছেন অসংখ্য সাধারণ মানুষ।

৩) সরকারি হাসপাতালে রোগী রেফার সংক্রান্ত সমস্যার অবসান ঘটাতে রাজ্যে পরীক্ষামূলকভাবে সেন্ট্রাল রেফারাল সিস্টেম চালু হয়েছে।

৪) রাজ্যের ছটি বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনে ভোট নেওয়া হবে আগামী ১৩ ই নভেম্বর।

৫) অনূর্ধ্ব ১৯ ভিনু মানকাড় ট্রফি ক্রিকেটের নক আউট পর্বে চন্দ্রহাস দাস, ১৬ সদস্যর বাংলা দলের নেতৃত্ব দেবে।

---

আর জি করে তরুণী পিজিটি চিকিৎসকের ধর্ষণ ও খুন সংক্রান্ত মামলার শুনানিতে আজ সুপ্রিম কোর্টে নতুন করে স্টেস্টাস রিপোর্ট জমা দিয়েছে সিবিআই। প্রধান বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড়, বিচারপতি জে বি পারদিওয়ালা এবং বিচারপতি মনোজ মিশ্রের বেঞ্চে সলিসিটর জেনারেল তুষার মেহতা এই স্টেটাস রিপোর্ট জমা দিয়ে জানান, ধর্ষণ ও হত্যার ঘটনায় সিবিআই-এর পেশ করা চার্জশিটে মূল অভিযুক্ত হিসেবে ধৃত সিভিক ভলান্টিয়ার সঞ্জয় রায়ের নাম রয়েছে। তবে এই ঘটনায় আর কেউ জড়িত আছে কি না তা তদন্ত সাপেক্ষ।

আজ একইসঙ্গে রাজ্যের তরফেও সুপ্রিম কোর্টে হলফনামা জমা দেওয়া হয়। আর জি কর হাসপাতালে নিরাপত্তা সংক্রান্ত কাজ ৩১শে অক্টোবরের মধ্যে শেষ হয়ে যাবে বলে জানানো হয়েছে। যদিও নিরাপত্তা সহ স্বাস্থ্য ক্ষেত্রে দুর্নীতি রোধে রাজ্য সরকারের বক্তব্য মানতে নারাজ চিকিৎসকদের সংগঠন। বিভিন্ন ক্ষেত্রে প্রশাসনিক কাজে সিভিক ভলান্টিয়ার নিয়োগের প্রক্রিয়া নিয়ে সুপ্রিম কোর্ট আজ প্রশ্ন তোলে। সঠিক পদ্ধতিতে, যাচাই করে  নিয়োগ না হলে, 'রাজনৈতিক পৃষ্ঠপোষকতা প্রদানের মাধ্যমে এই প্রক্রিয়া হচ্ছে বলে মত প্রকাশ করে সর্বোচ্চ আদালত। এব্যাপারে রাজ্যের কাছে হলফনামা চাওয়া হয়েছে। দীপাবলির পর চৌঠা নভেম্বর এই মামলার পরবর্তী শুনানি। ঐদিন ফের সিবিআইকে নতুন করে স্টেটাস রিপোর্ট জমা দিতে বলেছে  সুপ্রিম কোর্ট।

---

সময় যাই লাগুক না কেন, মেয়ের ওপর অত্যাচার ও খুনের ঘটনায় যারা জড়িত তারা প্রত্যেকেই ধরা পড়বে বলে আর জি করের তরুণী পিজিটি চিকিৎসকের মা-বাবা আশা প্রকাশ করেছেন। সুপ্রিম কোর্টের আজকের শুনানির পর হাসপাতালে নিরাপত্তার

দায়িত্বে সিভিক ভলান্টিয়ারকে না রাখার নির্দেশকেও স্বাগত জানান তাঁরা। মেয়ের ওপর নির্যাতনের ঘটনায় পুলিশের যে ভূমিকা প্রকাশ্যে এসেছে তা নিয়ে ফের একবার ক্ষোভ প্রকাশ করেন নির্যাতিতার মা।

বাইট

--------------------------

এদিকে, প্রতিবছরের মতো এবারও কলকাতায় সেরা দুর্গাপূজো গুলিকে নিয়ে আয়োজন করা হয়েছে দুর্গাপুজো কার্নিভালের। রেড রোডে যখন মুখ্যমন্ত্রী সহ বিশিষ্টজনদের উপস্থিতিতে এই অনুষ্ঠান চলছে তখন কলকাতা হাইকোর্টের অনুমতি নিয়ে ধর্মতলায় চিকিৎসকদের কর্মসূচি দ্রোহ কার্নিভাল ও মানব বন্ধনে শামিল হয়েছেন বহু মানুষ। গান, নাচ, স্লোগানের মধ্যে দিয়ে চলছে প্রতিবাদ। এই দুই কর্মসূচি নিয়ে একটি প্রতিবেদন,

ভয়েসকাস্টট

এদিকে প্রতিবাদ কর্মসূচীতে যোগ দিয়ে নাগরিক সমাজের পক্ষ থেকে উষশী চক্রবর্তী জানালেন,

বাইট

--------------------------

রেডরোডের পুজো কার্নিভালে প্রতিকী অনশনকারী লেখা ব্যাজ লাগিয়ে কাজে যোগ দেওয়ায় কলকাতা পুরসভার এক চিকিৎসককে আটক করেছে পুলিশ। অনুষ্ঠান চলাকালীন কেউ অসুস্থ হয়ে পড়লে বা চোট আঘাত লাগলে তার প্রাথমিক চিকিৎসা করার জন্য মোতায়েন ছিল কলকাতা পুরসভার মেডিকেল টিম। সেই দলেই ছিলেন

চিকিৎসক তপব্রত রায়। শার্টে লাগানো ব্যাজ দেখে তাকে আটক করে ময়দান থানায় নিয়ে যাওয়া হয়। পরে অবশ্য তাকে ছেড়ে দেওয়া হয়।

এদিকে, আন্দোলনকারী জুনিয়ার চিকিৎসকরা তপব্রতর পাশে দাঁড়িয়েছেন।

--------------------------

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী অবিলম্বে জুনিয়র ডাক্তারদের ১০ দফা দাবি পূরণের দাবি জানিয়েছেন। কলকাতায় আজ শ্রী অধিকারী সহ বিজেপি পরিষদীয় দলের কয়েকজন বিধায়ক দলীয় পতাকা ছাড়া কার্নিভাল বয়কটের মিছিলে অংশ নেন।

অন্যদিকে, দলের পক্ষ থেকে দুর্গাপুজো কার্নিভালের তীব্র নিন্দা করা হয়েছে।

--------------------------

সরকারি হাসপাতালে রোগী রেফার সংক্রান্ত সমস্যার অবসান ঘটাতে রাজ্যে পরীক্ষামূলকভাবে সেন্ট্রাল রেফারাল সিস্টেম চালু হয়েছে। সোনারপুর গ্রামীণ হাসপাতাল থেকে আজ এক রোগীকে কেন্দ্রীয় রেফার পদ্ধতির মাধ্যমে এমআর বাঙুর হাসপাতালে ভর্তি করানো হয়। স্বাস্থ্য দফতরের পোর্টালের মাধ্যমে বাঙুর হাসপাতালে শয্যা আছে কিনা, তা দেখে নিয়ে ঐ রোগীর নাম নথিভুক্ত করা হয়েছিল। জানা গিয়েছে, আগামী নভেম্বর থেকেই রাজ্য জুড়ে কেন্দ্রীয় ভাবে রোগী রেফার করার এই ব্যবস্থা চালু হয়ে যাবে।

উল্লেখ্য, অনশন আন্দোলনরত জুনিয়ার ডাক্তারদের ১০ দফা দাবির মধ্যে সেন্ট্রাল রেফারেল সিস্টেম চালু করার দাবি অন্যতম।

--------------------------

এদিকে, আর জি করে নির্যাতিতার ন্যায় বিচার এবং স্বাস্থ্য ক্ষেত্রে দুর্নীতি মোকাবিলায় ১০ দফা দাবিতে জুনিয়ার ডাক্তারদের অনশন কর্মসূচীর আজ একাদশতম দিন। প্রায় ২২২ ঘন্টা অনশনের পর উত্তরবঙ্গ হাসপাতালের অনশনরত জুনিয়ার ডাক্তার শৌভিক বন্দ্যোপাধ্যায়ের শারীরিক অবস্থার অবনতি ঘটেছে। গুরুতর অসুস্থ অবস্থায় তাকে ভর্তি করা হয়েছে আইসিসিইউ-তে। জানা গেছে, গত ৬ তারিখ থেকেই ক্রমশ অসুস্থ হচ্ছিলেন শৌভিক। আজ রক্তচাপ এবং হৃদস্পন্দন অনিয়ন্ত্রিত ধরা পড়লে তাকে হাসপাতালে পাঠানো হয়।

অন্যদিকে, ধর্মতলার অনশন মঞ্চে আজ আরও দুজন আন্দোলনে যোগ দিয়েছেন। স্পন্দন চৌধুরী মেদিনীপুর মেডিকেল কলেজের জুনিয়ার ডাক্তার। অপর চিকিৎসক রুমেলিকা কুমার অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ হাইজিনের সঙ্গে যুক্ত।

---------------------------

চিকিৎসকদের আন্দোলনের জেরে পরিষেবা না পাওয়ার অভিযোগ তুলে আজ উত্তরবঙ্গ মেডিকেল কলেজ ও হাসপাতালের সুপার সঞ্জয় মল্লিকের ঘরে হামলা চালায় রোগী এবং তার পরিজনদের একাংশ। অভিযোগ, একাধিক বিভাগে পরিষেবা অমিল। পাওয়া যাচ্ছেনা ওষুধও। আজ সুপারের কাছে অভিযোগ জানাতে গিয়ে ভাঙচুর চালানো হয়। ধস্তাধস্তিতে জড়িয়ে পড়েন রোগীর পরিবারের লোকজন। পুলিশ এসে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। অধ্যক্ষ সঞ্জয় মল্লিক বলেন, হাসপাতালে সুরক্ষার বিষয়ে রাজ্য সরকারের দাবি কতটা ভুল, তা আজকের ঘটনায় প্রমাণিত হয়ে গেছে।

---------------------------

রাজ্যের ছটি বিধানসভা কেন্দ্রের উপনির্বাচন হতে চলেছে আগামী ১৩ ই নভেম্বর। নির্বাচন কমিশনের পক্ষ থেকে জারি করা এক নির্দেশিকায় জানানো হয়েছে, সিতাই,

নৈহাটি, হাড়োয়া, মেদিনীপুর, তালরাংরা ও মাদারিহাট, এই ৬ আসনে ১৮ই অক্টোবর আগামী শুক্রবার বিজ্ঞপ্তি জারি করা হবে। ঐদিন থেকেই শুরু হবে মনোনয়নপত্র জমা দেওয়ার কাজ। ২৫শে অক্টোবর পর্যন্ত তা জমা দেওয়া যাবে। ২৮শে অক্টোবর সেগুলি পরীক্ষা করে দেখা হবে। প্রার্থীপদ প্রত্যাহারের শেষ দিন ৩০ শে অক্টোবর। গণনা ২৩ শে নভেম্বর।

উল্লেখ্য, এই ৬ টি আসনের বিধায়করা গত লোকসভা ভোটে জিতে সাংসদ নির্বাচিত হয়েছেন। তার ৬ মাসের মধ্যে উপনির্বাচন হওয়াটাই নিয়ম।

আগেই জানানো হয়েছে, সিতাই কেন্দ্রে বিধায়ক জগদীশচন্দ্র বসুনিয়া, মাদারিহাট থেকে মনোজ টিগ্গা, নৈহাটি থেকে পার্থ ভৌমিক, মেদিনীপুর থেকে জুন মালিয়া এবং তালরংরা থেকে অরূপ চক্রবর্তী ভোটে জিতে সংসদ হয়েছেন। হাড়োয়া থেকে শেখ নুরুল ইসলাম হাজী বসিরহাট আসনে সাংসদ হয়েছিলেন। সম্প্রতি তিনি প্রয়াত হন। সেই লোকসভা আসনের উপনির্বাচনের দিনক্ষণ অবশ্য আজ ঘোষণা করা হয়নি।

---------------------------

দামের উর্ধগতির প্রেক্ষিতে কেন্দ্রীয় সরকারের নির্দেশে রাজ্য রেশন দোকানের মাধ্যমে গ্রাহকদের ন্যায্য মূল্যে পেঁয়াজ বিক্রি করার সিদ্ধান্ত নিয়েছে। অল ইন্ডিয়া ফেয়ার প্রাইস শপ ডিলার্স ফেডারেশনের সাধারন সম্পাদক বিশ্বম্ভর বসু জানিয়েছেন, পেঁয়াজ বিক্রির যে অনুরোধ ফেডারেশন করেছিল, তা মঞ্জুর করা হয়েছে বলে কেন্দ্রের উপভোক্তা বিষয়ক দপ্তর জানিয়েছে। কেজি প্রতি ২৮ টাকা দরে কিনে ৩৫ টাকা দরে তা বিক্রি করা হবে। প্রথম পর্যায়ে নাফেড ও এন সি সি এফের মাধ্যমে সারা দেশে রেশন দোকানের মাধ্যমে বিক্রির জন্যে ১৫ হাজার টন পেঁয়াজ দেওয়া হয়েছে। এর

মধ্যে রাজ্যের প্রয়োজন কতটা, তা আজ জমা দেওয়া হয়। তবে পেঁয়াজের মান নিয়ে প্রশ্ন তুলেছে ফেডারেশন।

-------------------------

অনূর্ধ্ব ১৯ ভিনু মানকাড় ট্রফি ক্রিকেটের নক আউট পর্বে চন্দ্রহাস দাস, ১৬ সদস্যর বাংলা দলের নেতৃত্ব দেবে। সহ অধিনায়ক হয়েছে যুধাজিৎ গুহ। আগামী বৃস্পতিবার রাজকোটে প্রি কোয়ার্টার ফাইনালে বাংলা, মধ্যপ্রদেশের বিরুদ্ধে খেলবে। ১১ বছর পর বাংলা ভিনু মানকদ ট্রফির নক আউট পর্বে খেলতে চলেছে।

------------------------- -------------------------